



বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
নৈতিকতা কমিটি



বিজিএফসিএল এর নৈতিকতা কমিটির ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টার সভার কার্যবিবরণী।।

সভাপতি	মোঃ আমীর ফয়সাল মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল
সভার তারিখ	০৩.০৮.২০২২
সভার সময়	বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	মিটিং রুম, প্রধান কার্যালয়, বিজিএফসিএল, বিরাসার, ব্রাহ্মণবাড়িয়া
উপস্থিতি	উপস্থিতি তালিকা সংযুক্ত

০৩.০৮.২০২২ তারিখে কোম্পানির নৈতিকতা কমিটির ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টারে একটি সভা কোম্পানির মিটিং রুমে কমিটির সভাপতি, জনাব মোঃ আমীর ফয়সাল, মহাব্যবস্থাপক(টেকনিক্যাল সার্ভিসেস)-এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। বিজিএফসিএল-এর শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর কার্য বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণসহ নৈতিকতা কমিটির সদস্যগণ সভায় অংশগ্রহণ করেন। সভার শুরুতে সভাপতি সবাইকে স্বাগত জানিয়ে কমিটির সদস্য-সচিবকে আলোচনা শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় নিম্নোক্ত বিষয়সমূহ আলোচনা করা হয়:

১.০আলোচনা

১.১। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১ম (জুলাই-সেপ্টেম্বর, ২০২২) কোয়ার্টারে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আয়োজনের লক্ষ্যমাত্রা কমিটির সদস্য-সচিব সভায় উত্থাপন করেন। নৈতিকতা কমিটির সদস্যগণসহ উপস্থিত সকলেই এ বিষয়ে আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচনান্তে সভাপতির সম্মিতক্রমে ১ম কোয়ার্টারের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগস্ট, ২০২২ এর শেষ সপ্তাহে আয়োজনের বিষয়ে সভায় সর্বসম্মতি জ্ঞাপন করা হয়।

১.২। কমিটির সদস্য-সচিব সভায় উল্লেখ করেন যে, ৩১ জুলাই, ২০২২ এর মধ্যে ‘২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), জনাব মোঃ রশিদুল ইসলাম সভাকে অবহিত করেন যে, গত ২৭.০৭.২০২২ তারিখে ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা কোম্পানির নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। যথাসময়ে কার্য বাস্তবায়নের জন্য সভা উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ)-কে ধন্যবাদ জ্ঞাপন করে। সভাপতি মহোদয় ‘২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ’ এর বিষয়টি পেট্রোবাংলাকে যথাসময়ে প্রমাণকসহ অবহিত করার জন্য নির্দেশনা প্রদান করেন।

১.৩। কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, চলতি অর্থবছরের প্রতি কোয়ার্টারে ‘সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ’ এর লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে। এ বিষয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীভ), জনাব জোহরা আক্তার-কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি সভাকে জানান যে, ইতোমধ্যে তিনি কর্মকর্তাদের পিআরএল সংক্রান্ত সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের জন্য ব্যবস্থা গ্রহণ করেছেন। সভাপতি মহোদয় আলোচ্য সেবা প্রদানের ক্ষেত্রে সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে লিপিবদ্ধ করার জন্য নির্দেশনা প্রদান করেন।

২.০ সিদ্ধান্ত:

২.১। কমিটির ফোকাল পয়েন্ট ১ম কোয়ার্টারের অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা আগস্ট, ২০২২ এর শেষ সপ্তাহে আয়োজন করবেন।

২.২। ‘২০২২-২০২৩ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ’ এর বিষয়টি পেট্রোবাংলাকে যথাসময়ে প্রমাণকসহ অবিহত করতে হবে।

২.৩। ব্যবস্থাপক (পিআরএল এন্ড লীড)-কর্মকর্তা, জনাব জোহরা আক্তার পিআরএল সংক্রান্ত সেবা গ্রহীতাগণের মতামত রেজিস্টারে সংরক্ষণের বিষয়টি যথাযথভাবে প্রতিপালন করবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমীর ফয়সাল

মহাব্যবস্থাপক (টেকনিক্যাল সার্ভিসেস) ও
সভাপতি, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল

স্মারক নম্বর: ২৮.১০.১২১৩.০৩২.৩৩.০০১.২২.৮০৫

তারিখ: ২৪ শ্রাবণ ১৪২৯

০৮ আগস্ট ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (পরিকল্পনা কৌশল) ও ফোকাল পয়েন্ট, নৈতিকতা কমিটি, পেট্রোবাংলা।
- ২) সকল সদস্য, নৈতিকতা কমিটি, বিজিএফসিএল।
- ৩) উপ-মহাব্যবস্থাপক (স্থানীয় সংগ্রহ), স্থানীয় সংগ্রহ বিভাগ, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
- ৪) ব্যবস্থাপক (আইডলিউটি), বিজিএফসিএল (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) ব্যবস্থাপক, পিআরএল এন্ড লিড শাখা (কর্মকর্তা), বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড

মোহাম্মদ জোয়াদ আলী

ব্যবস্থাপক (প্রশাসন) ও ফোকাল পয়েন্ট,
নৈতিকতা কমিটি, বিজিএফসিএল